ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড
DAP FERTILIZER COMPANY LIMITED
(An Enterprise of Bangladesh Chemical Industries Corporation)
Rangadia, Anowara, Chattogram.
www.dapfcl.gov.bd

নম্বর: ৩৬.০১.১৫০৪.৭০২.১৮.৪৭৬.২৬-১৫৪৪

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: মোটরসাইকেল ও জমি ক্রয়/গৃহনির্মাণ সহায়ক খাতে ঋণ প্রদান।**

এতদ্দারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে জমি ক্রয়/গৃহনির্মাণ সহায়ক খাতে ঋণ ও মোটরসাইকেল ক্রয় সহায়ক অগ্রিম ঋণ প্রদানের জন্য বিসিআইসি'র পত্র সূত্র নং: বিসিআইসি/এলএসএ/১/৫৩(অংশ)/৫৭১, তারিখ: ০৯-০৭-২০১৩ খ্রি. ও সূত্র নং: ৩৬.০১.০০৬.০৭.৩৩.১৬৪৫.২০১৬-৪৮৯, তারিখ: ১৯-১২-২০১৬ খ্রি.-এ উল্লিখিত নীতিমালা অনুসরণে অত্র কারখানায় কর্মরত স্থায়ী শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাদের (বিসিআইসি'র কেন্দ্রীয় ক্যাডারভুক্ত নয়) কাছ হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ফরম সংগ্রহের স্থান | : | ডিএপিএফসিএল-এর ওয়েবসাইট বা প্রশাসন বিভাগ |
| ফরম জমাদানের শেষ তারিখ | : | ০৬-০৮-২০২৬ খ্রি. |
| পরবর্তী বিজ্ঞপ্তি প্রকাশের সম্ভাব্য সময় | : | জানুয়ারি, ২০২৭ খ্রি. |

২। ঋণের সর্বোচ্চ পরিমাণ (সিলিং)।

| শ্রেণি | গৃহনির্মাণ ঋণ | মোটরসাইকেল ঋণ |
|---|---|---|
| কর্মকর্তা (কারখানা পর্যায়ের) | ৫ লক্ষ | ২ লক্ষ |
| কর্মচারী গ্রেড ১১-১২ (এমও/এমটি) | ৪ লক্ষ | ২ লক্ষ |
| কর্মচারী গ্রেড ১৩-১৬ (এইচএসও/এইচএসটি) | ২ লক্ষ | ১.৫ লক্ষ |
| কর্মচারী গ্রেড ১৭-২০ (এসএসও/এসএসটি, এসও-২/এসটি-২) | ১ লক্ষ | ১ লক্ষ |

৩। উল্লেখ্য, একজন আবেদনকারী একই অর্থবছরে যে কোন একটি ঋণের জন্য আবেদন করতে পারবেন এবং নীতিমালা অনুযায়ী বয়স, চাকরিকাল, বাজেট, জ্যেষ্ঠতা এবং পূর্ববর্তী ঋণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে উক্ত ঋণ বিতরণ করা হবে। বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে যারা আবেদন করেছেন, তাদের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(মোঃ আলমগীর জলিল)
ব্যবস্থাপক (প্রশাসন)
ও
প্রশাসন বিভাগীয় প্রধান
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

**বিতরণ (জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. সহকারী প্রকৌশলী (রসায়ন), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ডিএপিএফসিএল।
২. সকল বিভাগীয় প্রধান, ডিএপিএফসিএল।
৩. সভাপতি/সাধারণ সম্পাদক (সিবিএ/অওএ), ডিএপিএফসিএল।
৪. শাখা প্রধান (নিরাপত্তা), ডিএপিএফসিএল (অফিসগামী যানবাহনসমূহে বিতরণের জন্য)।
৫. অ্যাডমিন-২, ডিএপিএফসিএল ওয়েবসাইট। --- বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৬. দপ্তর নথি।
৭. নোটিশ বোর্ড।